

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

Website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার নং-১৪

তারিখঃ ৩ আশ্বিন ১৪২৪  
১৮ সেপ্টেম্বর ২০১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**Prudential Guidelines for Agent Banking Operation in Bangladesh**

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট এর পিএসডি সার্কুলার নং-৫, তারিখ-৯ ডিসেম্বর ২০১৩, তৎকালীন গ্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট এর জিবিসিএসআরডি সার্কুলার নং-২, তারিখ-৩ জুন ২০১৪ এবং ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার লেটার নং-৭, তারিখ-২৪ মার্চ ২০১৪, বিআরপিডি সার্কুলার লেটার নং-১১, তারিখ-২ জুন ২০১৪ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-১, তারিখ-৬ জানুয়ারী ২০১৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বর্তমান বিশ্বে ব্যাংকিং সেবা মানুষের দোরগোড়ায় পৌঁছানোর পাশাপাশি দ্রুত গতিতে প্রযুক্তি অগ্রসর হচ্ছে। দূরবর্তী, প্রত্যন্ত ও সুবিধাবঞ্চিত অঞ্চলের প্রান্তিক জনগণকে স্বল্প ব্যয়ে আধুনিক ব্যাংকিং পরিষেবায় অন্তর্ভুক্তিকরণে এ সকল প্রযুক্তির সহায়তায় শাখাবিহীন ব্যাংকিং বর্তমানে বহুল ব্যবহৃত ও আলোচিত মাধ্যম। আর্থিক খাতের অন্তর্ভুক্তিমূলক কার্যক্রম জোরদার করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক এর Strategic Plan 2010-2014 এবং Strategic Plan 2015-2019 এ আর্থিক অন্তর্ভুক্তিকে অধিকতর গুরুত্ব দেয়া হয়েছে। এ লক্ষ্যে, বাংলাদেশ ব্যাংক নীতি-সহায়তা এবং ব্যাংকিং ও আর্থিক বিষয়ে জনসাধারণকে সম্যক ধারণা দেয়ার লক্ষ্যে বিভিন্ন উদ্বুদ্ধকরণ কর্মসূচী অব্যাহত রেখেছে। আর্থিক অন্তর্ভুক্তি নিশ্চিত করনার্থে এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে দেশের সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবার আওতায় আনার লক্ষ্যে পিএসডি সার্কুলার নং-৫/২০১৩ এর মাধ্যমে Guidelines on Agent Banking for the Banks, বিআরপিডি সার্কুলার লেটার নং-৭/২০১৪, ১১/২০১৪ ও ১/২০১৫ এর মাধ্যমে এজেন্ট ব্যাংকিং কার্যক্রমের জন্য প্রয়োজনীয় নির্দেশনা এবং জিবিসিএসআরডি সার্কুলার নং-২/২০১৪ এর মাধ্যমে এতদসংক্রান্ত Guidance Note জারি করা হয়।

৩। সময়ের সাথে সাথে এজেন্ট ব্যাংকিং এর চাহিদা ও গুরুত্ব ব্যাপক বৃদ্ধি পেয়েছে। আর্থিক অন্তর্ভুক্তির লক্ষ্যে উন্মোচিত এজেন্ট ব্যাংকিং কার্যক্রমের সুষ্ঠু ও সুসংবদ্ধ প্রসার নিশ্চিত করতে ব্যাংকগুলোর এজেন্ট ব্যাংকিং কার্যক্রম প্রসারের ক্ষেত্রে বিদ্যমান নীতিমালাসমূহ একীভূত ও হালনাদাগকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এতদ্বিষয়ে কার্যরত ব্যাংক, তাদের এজেন্ট এবং সেবা গ্রহণকারীগণের মতামতও গ্রহণ করা হয়েছে।

৪। এক্ষণে, এজেন্ট ব্যাংকিং কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ইতোপূর্বে জারিকৃত সকল নির্দেশনা একীভূত করে একটি নতুন “Prudential Guidelines for Agent Banking Operation in Bangladesh” জারি করা হলো। এজেন্ট ব্যাংকিং কার্যক্রমের জন্য জারিকৃত উক্ত গাইডলাইন অনুসরণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

৫। পিএসডি সার্কুলার নং-৫, তারিখ-৯ ডিসেম্বর ২০১৩, জিবিসিএসআরডি সার্কুলার নং-২, তারিখ-৩ জুন ২০১৪, বিআরপিডি সার্কুলার লেটার নং-৭, তারিখ-২৪ মার্চ ২০১৪, বিআরপিডি সার্কুলার লেটার নং-১১, তারিখ-২ জুন ২০১৪ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-১, তারিখ-৬ জানুয়ারী ২০১৫ এতদ্বারা রহিত করা হলো।

৬। ৫নং ক্রমিকে বর্ণিত সার্কুলার/সার্কুলার লেটার রহিত করা সত্ত্বেও উক্ত সার্কুলার/সার্কুলার লেটার এর আওতায় প্রদত্ত/গৃহীত অনুমোদন/কার্যক্রম বহাল থাকবে।

৭। এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(আবু ফরাহ মোঃ নাহের)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২।